



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপ পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড, রংপুর অঞ্চল, রংপুর।
cdb.rangpurdiv.gov.bd

কৃষিই সমৃদ্ধি

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ আবু ইলিয়াস মিঞা উপপরিচালক
সভার তারিখ	১৮ মার্চ, ২০২৪ খ্রিঃ
সভার সময়	সকাল ১১.৩০
স্থান	পীরগঞ্জ ইউনিট, রংপুর জোন
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার সভাপতি মোঃ আবু ইলিয়াস মিঞা, উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয়, রংপুর উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি চলতি ২০২৩-২৪ অর্থ বছরে তুলা উন্নয়ন বোর্ড, উত্তরাঞ্চলের রংপুর জোনের আওতাধীন অংশীজনের সামনে এ অঞ্চলের তুলা উৎপাদনের কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোকপাত করে বলেন, বাংলাদেশে তুলা উৎপাদন ও গবেষণার কার্যক্রম চলমান রাখার পাশাপাশি তুলা উন্নয়ন বোর্ড সরকার কর্তৃক নির্ধারিত সকল কার্যক্রমসমূহ বাস্তবায়নে সর্বদা সচেষ্ট রয়েছে।

২। সভাপতি তুলা উন্নয়ন বোর্ড, উত্তরাঞ্চলের কার্যালয়সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কে আলোচনা করার জন্য আঞ্চলিক কার্যালয়, রংপুরের জাতীয় শুদ্ধাচার কৌশলের ফোকাল পয়েন্ট জনাব এস.এম. জাকারিয়া কে অনুরোধ করেন। জনাব এস.এম. জাকারিয়া শুরুতে সকলকে স্বাগত জানান এবং মন্ত্রীপরিষদ বিভাগ হতে প্রণীত ও সদর দপ্তর হতে প্রেরিত মাঠ পর্যায়ের কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। কর্মপরিকল্পনার অন্যতম গুরুত্বপূর্ণ গৃহীত কার্যক্রম অংশীজনের সভার যথাযথ বাস্তবায়নের প্রতি অধিক গুরুত্বারোপ করে সকলকে ধন্যবাদ জানিয়ে আলোচনা শেষ করেন।

৩। সভায় উপস্থিত তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয়, রংপুরে কর্মরত বীজ উৎপাদন বিশেষজ্ঞ জনাব ড. এ কে এম হারুন-অর-রশীদ তুলা উন্নয়ন বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবাসমূহ সম্পর্কে আলোকপাত করে জানান দুর্নীতি মুক্ত কার্যপরিবেশ বজায় রেখে এবং যথাযথ শুদ্ধাচার অবলম্বন করে সকল সেবা গ্রহীতার চাহিদা পূরনে তুলা উন্নয়ন বোর্ড সর্বদা সচেষ্ট রয়েছে। তিনি সকল অংশীজনের তুলা উন্নয়ন বোর্ডের সেবা সমূহ নির্দিষ্টায় গ্রহণ করার জন্য আহ্বান জানান।

৪। রংপুর জোনের প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা ড. মোঃ জাহাজীর আলম সভায় উপস্থিত তুলা চাষী সহ সকল স্টেকহোল্ডারদের উদ্দেশ্যে বলেন তুলা উন্নয়ন বোর্ডের সিটিজেন চার্টারভুক্ত দুটি নাগরিক সেবা এটুআই এর সহযোগিতায় ডিজিটলাইজড করে My Gov প্ল্যাটফর্মে সংযুক্ত আছে, যার ফলে সাধারণ জনগন খুব সহজেই সেবা গ্রহণ করতে পারবেন। এছাড়া কারোও কোন অভিযোগ থাকলে তা অনলাইনে এবং অফলাইনে দাখিল করতে পারবেন। এ বছর তার জোনে ভাল ফলন হয়েছে বলে তুলা চাষীদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন।

৫। রংপুর জোনের পীরগঞ্জ ইউনিটের দায়িত্বপ্রাপ্ত ইউনিট ইনচার্জ জনাব খাদেমুল বাশার জানান তার ইউনিটে ভালো ফলন হওয়ায় চাষীরা তুলা চাষে বেশি আগ্রহ দেখাচ্ছেন। অনেক চাষী তুলা পরবর্তী ফসল হিসাবে পাট, মরিচ, ভুট্টা, লাউ চাষ করতে আগ্রহী এবং পরের বছর সেই জমিতে পুনরায় তুলা চাষ করবেন বলে আশ্বাস দিয়েছেন।

৬। আরমাদা এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেডের কটন প্রডাকশন অফিসার জনাব আব্দুল মান্নান চাষীদের শূকনা বীজতুলা বাজারজাতকরণের জন্য আহ্বান জানান। তিনি বলেন তার প্রতিষ্ঠান তুলা উন্নয়ন বোর্ডের সাথে একনিষ্ঠ ভাবে কাজ করে যাচ্ছে এবং চাষীদের সেবায় নিয়োজিত আছে।

৭। তুলা চাষী জনাব হাসান আলী জানান তিনি এ বছর ৫০শতক জমিতে তুলা চাষ করে ২০ মন এর উপর ফলন পেয়েছেন। সামনে বছর তিনি তুলা চাষ বাড়াবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।


আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

১। সকল সেবা গ্রহীতার সাথে উত্তম আচরণের মাধ্যমে সেবা প্রদান করতে হবে।

২। এ অঞ্চলের সকল কার্যালয়সমূহের নিজ নিজ দপ্তরের সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করতে হবে এবং সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে।

৩। ইউনিট কার্যালয়সমূহে অভিযোগ দাখিল সংক্রান্ত হার্ডকপি ফরম সংরক্ষণ পূর্বক সেবা গ্রহীতাদের সর্বোচ্চ সেবা নিশ্চিত করতে হবে।




৩১-০৩-২০২৪
মোঃ আবু ইলিয়াস মিন্গা
উপপরিচালক

নম্বর: ১২.০৭.৫৫৮৫.৪০০.১৬.০০২.১৯.১৩৩

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব), নির্বাহী পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড;
- ২। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড- রংপুর/ঠাকুরগাঁও/বগুড়া/রাজশাহী জোন।;
- ৩। বীজ উৎপাদন বিশেষজ্ঞ, আঞ্চলিক কার্যালয়, রংপুর, তুলা উন্নয়ন বোর্ড এবং
- ৪। তুলা উন্নয়ন কর্মকর্তা, পরিকল্পনা শাখা, তুলা উন্নয়ন বোর্ড।



৩১-০৩-২০২৪
এস. এম. জাকারিয়া
স্টোর কাম ফিল্ডম্যান (রুটিন দায়িত্ব)